

# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

## CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, অত্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং - ৩৫/২০২২  
সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

তারিখ: ২৩/০৮/২০২২ খ্রি:

### কর্তৃপক্ষীয় আদেশ অমান্য করে শিপিং এজেন্ট কর্তৃক বিভিন্ন নামে চার্জ আদায় এবং Common Landing Date এর পরিবর্তে Berthing Date হতে Container এর Free Time হিসাব করে ডেমারেজ চার্জ আদায় করা প্রসঙ্গে

সম্মানিত সদস্যবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের Regulation For Working of Chittagong Port (Cargo & Container) 2011 এর Section-150 অনুযায়ী Common Landing Date হতে Container এর Free Time হিসাব করার বিধান আছে। কিন্তু তা অমান্য করে কতিপয় শিপিং এজেন্ট কর্তৃক Berthing Date হতে Container এর Free Time গননা করে ডেমারেজ চার্জ আদায় করা হচ্ছে। এছাড়াও কতিপয় শিপিং এজেন্ট কর্তৃক ডেলিভারী অর্ডার প্রদানের সময় কর্তৃপক্ষীয় আদেশ অমান্য করে নিয়ম বহির্ভূতভাবে বিভিন্ন নামে চার্জ আদায় করা হচ্ছে। এ ধরনের আইন ও আদেশ বহির্ভূত চার্জ আদায় হতে সদস্যদের (শিপিং এজেন্ট) বিরত রাখার জন্য বাংলাদেশ শিপিং এজেন্টস্ এসোসিয়েশনকে গত ১১/০৮/২০২২খ্রিঃ পত্রের মাধ্যমে অনুরোধ করা হয়।

তথাপি শিপিং এজেন্ট কর্তৃক Common Landing Date এর পরিবর্তে Berthing Date হতে Free Time গননা করে ডেমারেজ আদায় করা হলে এবং নিয়ম বহির্ভূতভাবে বিভিন্ন নামে চার্জ আদায় করা হলে তা লাইসেন্সিং কর্তৃপক্ষ, কাস্টম হাউস, চট্টগ্রাম বরাবর লিখিতভাবে অভিযোগ করে পত্রের অনুলিপি অত্র এসোসিয়েশনে প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।



কাজী মাহমুদ ইমাম (বিলু)  
সাধারণ সম্পাদক